

তারিখ: ২৩.৪.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি-

শিক্ষার্থীদের নৈতিক জীবনগঠনে শিক্ষকদের ভূমিকা রাখতে হবে: মেয়র ডা. শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, “শিক্ষার্থীদের শুধু ভালো ফলাফলের দিকে দৃষ্টিপাত করলেই হবে না, বরং তাদের নৈতিক, মানবিক ও দেশপ্রেমিক সূনাগরিক হিসেবে গড়ে তুলতে শিক্ষকদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।” তিনি বলেন, “আজকের শিক্ষার্থীরাই আগামী দিনের নেতৃত্ব দেবে। তাই তাদের মধ্যে নৈতিক মূল্যবোধ, দেশপ্রেম এবং সামাজিক দায়বদ্ধতা গড়ে তোলার জন্য শিক্ষক, অভিভাবক ও স্থানীয় সমাজের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত প্রয়োজন। শুধুমাত্র পাঠ্যপুস্তকের জ্ঞান নয়, শিক্ষার্থীদের চারিত্রিক গঠনেও শিক্ষা প্রতিষ্ঠানের যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।” মেয়র ডা. শাহাদাত হোসেন বুধবার কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণ, নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। কলেজের অধ্যক্ষ নূর বানু চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই আয়োজনে মেয়র আরও বলেন, “আমরা চাই, সিটি কর্পোরেশনের আওতাধীন শিক্ষার্থীরা শুধু পরীক্ষায় ভালো ফল করুক তা নয়, তারা যেন সুস্থ চিন্তা-চেতনায় গড়ে ওঠে এবং সমাজে গঠনমূলক ভূমিকা পালন করে।” তিনি আরও বলেন, “কিশোর গ্যাং, মাদকাসক্তি ও ইভটিজিংয়ের মতো সামাজিক ব্যাধি থেকে শিক্ষার্থীদের দূরে রাখতে হলে শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও সমাজের সচেতন নাগরিকদের সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে। স্কুলে শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা এবং অনুপস্থিত শিক্ষার্থীদের অনুপস্থিতির সঠিক কারণ অনুসন্ধান করাও এই উদ্যোগের অংশ।” অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, ডা. এস.এম সেরোয়ার আলম, সাবেক অধ্যক্ষ ইফতেখার আলম, অধ্যক্ষ মনজুরুল হক চৌধুরী, অধ্যাপক সুধীর বিকাশ দে, অধ্যক্ষ রুমা বড়ুয়া, মোঃ রমজু মিয়া, মনজুরুল আলম ও জিয়াউর রহমান জিয়া। অনুষ্ঠানে কলেজের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের অংশগ্রহণে দিনব্যাপী অনুষ্ঠানে আনন্দ ও উৎসবমুখর পরিবেশ বিরাজ করে।



অক্সিজেন মোড় ও অক্সিজেন - কুয়াইশ সড়কের কয়লার ঘর এলাকায় উচ্ছেদ অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীর বায়েজিদ বোস্তামী থানা এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযান কালে অক্সিজেন - কুয়াইশ সংযোগ সড়কের কয়লার ঘর এলাকায় সিটি কর্পোরেশনের রাস্তার জায়গা থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে রাস্তার জায়গা অবৈধ দখল মুক্ত করা হয়। একই অভিযানে অক্সিজেন মোড়ে ফুটপাথের জায়গা থেকে অবৈধ যাত্রী ছাউনী উচ্ছেদ করে ফুটপাথ সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেয়া হয়।

দোয়া মাহফিলে মেয়র ডা. শাহাদাত হোসেন বেগম খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে পুরো জাতি উদ্বিগ্ন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া শুধু একজন রাজনৈতিক নেত্রী নন, তিনি বাংলাদেশের গণতন্ত্রের প্রতীক। তিনি জাতির প্রেরণা ও গণতন্ত্রের আলোকবর্তিকা। তার অসুস্থতা আমাদের গভীরভাবে উদ্বিগ্ন করে। দেশনেত্রী খালেদা জিয়া গণতন্ত্রের জন্য বারবার নির্যাতিত হয়েছেন। আজ তিনি গুরুতর অসুস্থ। তাঁর প্রতি এই দেশের মানুষের ভালোবাসা ও শ্রদ্ধা প্রস্রাভীত। দেশের মানুষ আজ তাঁর জন্য দোয়া করছে, অপেক্ষা করছে তাঁর সুস্থতার। তিনি বুধবার (২৩ এপ্রিল) নগরীর টাইগারপাস সিটি কর্পোরেশন কার্যালয় সংলগ্ন মোয়াজ্জেম মসজিদে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার আশু রোগমুক্তি কামনায় দোয়া মাহফিলে এসব কথা বলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সভাপতি ডা. শাহাদাত হোসেনের উদ্যোগে আয়োজিত এই দোয়া মাহফিলে দলীয় নেতাকর্মীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তির অংশ নেন। দোয়া পরিচালনা করেন মসজিদের খতিব। তিনি বেগম খালেদা জিয়ার রোগমুক্তি, দীর্ঘায়ু ও সুস্থতা কামনা এবং দেশের উন্নতি কামনা করে বিশেষ মোনাজাত করেন।

এসময় ডা. শাহাদাত হোসেন বলেন, আজকের এই পবিত্র মিলাদ মাহফিলে আমরা গভীর শ্রদ্ধা ও প্রার্থনা নিয়ে উপস্থিত হয়েছি আমাদের আপসহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতার জন্য। তিনি গণতন্ত্রের প্রতীক ও জাতির কণ্ঠস্বর। আল্লাহর কাছে প্রার্থনা করি, তিনি যেন দ্রুত সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসেন। চট্টগ্রামবাসীর প্রতি আস্থান জানাই, তারা যেন বেগম খালেদা জিয়ার জন্য দোয়া করেন। তিনি যেন দ্রুত আরোগ্য লাভ করেন এবং নিরাপদে বাংলাদেশে প্রত্যাবর্তন করতে পারেন। মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, চট্টগ্রামসহ দেশের প্রতিটি জনপদের মানুষ খালেদা জিয়ার প্রতি গভীর ভালোবাসা রাখে। এই দোয়ার মাহফিল তারই একটি প্রকাশ। আমরা বিশ্বাস করি, জনগণের দোয়া বিফলে যাবে না, দেশনেত্রী দ্রুত সুস্থ হয়ে আবারও জনগণের মাঝে ফিরে আসবেন। তার সুস্থতার জন্য সবাইকে দোয়া করার আস্থান জানাচ্ছি। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক ভারপ্রাপ্ত মেয়র শামসুল আলম, মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক কাজী বেলাল উদ্দিন, শফিকুর রহমান স্বপন, হারুন জামান, ইয়াছিন চৌধুরী লিটন, আহ্বায়ক কমিটির সদস্য গাজী মো. সিরাজ উল্লাহ, মো. কামরুল ইসলাম, বিএনপি নেতা মোহাম্মদ আলী মিঠু, আবদুল্লাহ আল হারুন, আলহাজ্ব জাকির হোসেন, জসিম উদ্দিন জিয়া, মাস্টিনুদ্দীন চৌধুরী মাস্টিনু, শফিক আহমেদ, খোরশেদ আহমেদ, মনির ইসলাম, আবদুল্লাহ আল ছগির, হাজী মো. ইলিয়াছ, রফিক চৌধুরী, ফয়েজুল ইসলাম, এস এম আবুল কালাম আবু, ফরিদুল আলম চৌধুরী, এম এ হালিম বাবলু, মোস্তাক আহমেদসহ মহানগর ও ওয়ার্ড বিএনপির নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮